দৈনিক খবর

তারিখ ... 15 JUN 1991 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৭ ...

249

## ছাত্র ঐক্য রোববার হরতাল ডেকেছে

# চট্টগ্রাম ভার্সিটি ঃ বিকল্প ক্লাস গ্রহণ আজ থেকে

।। স্টাফ রিপোর্টার ।।

চট্টগ্রাম, ১৪ই জুন।– চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের আগামীকাল শনিবার থেকে বিকল্প ক্লাস গ্রহণের সব প্রস্তুতি সম্পন্ন হয়েছে। বিশ্ববিদ্যালয় থেকে ১৪ মাইল দূরে শহরের জাকির হোসেন সড়কে এম ই এস কলেজে ক্লাস নেয়ার ব্যবস্থা করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে এ ধরনের ঘটনা এই প্রথম।

বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষকরা ক্যাম্পাসকে সন্ত্রাসমুক্ত করার দাবীতে ও ছাত্রশিবিরের অরাজকতার প্রতিবাদে গত সোমবার শহরের ডাঃ মিলন চত্বরে প্রতীক অনশন পালন করেন। পরবর্তী ৩ দিনের মধ্যে ক্যাম্পাসে সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনতে প্রশাসন ব্যর্থ হলে আগামীকাল শনিবার থেকে বিকল্প ক্লাস গ্রহণ করা হবে বলে শিক্ষকরা ঘোষণা করেন। সেই অনুসারে কাল থেকে বিকল্প ক্লাসের উদ্যোগ নেয়া হয়েছে। আপাততঃ তৃতীয় বর্ষ সম্মান ও স্নাতকোত্তর শেষ পর্বের ছাত্র-ছাত্রীদের ক্লাস কাল থেকে এম ই এস কলেজে শুরু হচ্ছে। প্রথম

শেষ পৃষ্ঠায় ৩য় কলামে

# চট্টগ্রাম ভার্সিটি

প্রথম পৃষ্ঠার পর

ঘন্টা আরম্ভ হবে সকাল সাড়ে ৮টায়। জানা গেছে, এ ব্যবস্থায় এম ই এস কালেজের ছাত্র-ছাত্রীদের কোন অসুবিধা হবে না।

শহরে এম ই এস কলেজে বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের ক্লাস নেয়ার ব্যাপারে সাধারণ শিক্ষকদের উদ্যোগ চট্টগ্রামে সকল মহলকে ব্যাপকভাবে নাড়া দিয়েছে। চাকসু ও সর্বদলীয় ছাত্র ঐক্য শিক্ষকদের এই উদ্যোগকে স্বাগত জানিয়েছে। বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি বিকল্প ক্লাস প্রসঙ্গে কোন প্রতিক্রিয়া ব্যক্ত করেনি। তবে সদ্য গঠিত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় জাতীয়তাবাদী শিক্ষক পরিষদের পক্ষে আহবায়ক ডঃ মাহফুজুল হক এক বিবৃতিতে বলেছেন, সাধারণ শিক্ষকদের নামে আন্দোলনরত এসব শিক্ষকের ক্লাস নেয়ার ব্যাপারে অতি আগ্রহের আড়ালে কার্যতঃ তারা বর্তমান উপাচার্যের গদিকে পাকাপোক্ত করার অপচেষ্টায় নিয়োজিত রয়েছেন।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সর্বদলীয় ছাত্র ঐক্য ক্যাম্পাসে ছাত্রশিবিরের সন্ত্রাসের প্রতিবাদে ও ছাত্র নেতা ফারুক হত্যার আসামীদের গ্রেফতারের দাবীতে আগামী রোববার চট্টগ্রামে হরতাল আহবান করেছে।

ইসলামী ছাত্র-শিবির উপাচার্যের অপসারণসহ ৭ দফা দাবী অবিলম্বে বাস্তবায়নের আহবান জানিয়েছে। শিবির আগামীকাল সকালে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও ছাত্র সভা এবং বিকেলে লালদীঘি ময়দানে ছাত্র গণজমায়েত করবে। সংগ্রামী ছাত্র ঐক্য আগামীকাল উপাচার্য কার্যালয়ের সামনে অবস্থান ধর্মঘট পালনের কর্মসূচী নিয়েছে। সংগ্রামী ছাত্র ঐক্যের আজ এক সভায় এম ই এস কলেজে ক্লাস নেয়ার উদ্যোগের সমালোচনা করা হয়। সম্মিলিত ছাত্র ঐক্য আগামীকাল ক্যাম্পাসে বিক্ষোভের কর্মসূচী ঘোষণা করেছে।

বাংলাদেশ রিপাবলিকান পার্টির চেয়ারম্যান অলিউল ইসলাম সুরু মিয়া চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে সৃষ্ট অচলাবস্থার অবসানে অস্থায়ী রাষ্ট্রপতির হস্তক্ষেপ কামনা করেছেন।